ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-১৩৩২</u>

আগরতলা,২১ জুন,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ৬ জুন "দৈনিক সংবাদ" পত্রিকায় "লাল ফিতায় বন্দি শিক্ষা দপ্তরের পদোন্নতি, ক্ষোভ" শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি বিদ্যালয় শিক্ষা দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই বিষয়ে দপ্তর থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদটি ভিত্তিহীন এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের সুনাম ক্ষুন্ন করার একটি অসার্থক প্রচেষ্টা। দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে যে,

সমস্ত পদে পদোন্নতির প্রক্রিয়া দপ্তর কর্তৃক চালু করা অ্যাড-হক ভিত্তিক পদোন্নতির নীতিমালার অনুসরণে চলমান রয়েছে। ইতোমধ্যে বিভিন্ন স্তরের পদে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং যুগ্ম অধিকর্তা, উপ-অধিকর্তা, প্রধান শিক্ষক প্রভৃতি পদে পদোন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে।

প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাকে যুগ্ম অধিকর্তা পদে পদোন্নতির বিষয়ে জানানো যাচ্ছে যে, উক্ত প্রক্রিয়া প্রায় সম্পন্ন হয়েছে এবং অচিরেই যুগ্ম অধিকর্তা পদে কিছু দিনের মধ্যেই  পোস্টিং দেওয়া হবে। এরফলে আশা করা যায় প্রত্যেক জেলা জেলা শিক্ষা আধিকারিক হিসাবে একজন যুগ্ম অধিকর্তা পাবে। এছাড়াও স্বল্প সময়ের মধ্যে হেড টিচারদের উপ-অধিকর্তা পদে পদোন্নতির বিষয়ে দপ্তর আন্তরিকভাবে তৎপর। ইতিমধ্যে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি করা হয়েছে এবং সে অনুযায়ী পদ পূরণ ও পদোন্নতির প্রক্রিয়াও চলমান রয়েছে।

উল্লেখ্য যে, বিদ্যালয় শিক্ষা দপ্তর পূর্ণ নিষ্ঠার সঙ্গে সকল যোগ্য প্রার্থীদের উপযুক্ত পদে পদোন্নতির জন্য নিরলসভাবে কাজ করে চলেছে। অতএব, ভবিষ্যতে যেকোনো সংবাদপত্রে সংবাদ প্রকাশের পূর্বে যথার্থ তথ্য পাওয়ার উদ্দেশ্যে দপ্তরের সঙ্গে যোগাযোগ করে সংবাদ যাচাই করে নেওয়াই প্রত্যাশিত, যাতে সঠিক ও বাস্তবধর্মী সংবাদ প্রকাশিত হয়।

*****